

দুর্যোগের বিষয়, সরকারী প্রচেষ্টা। যেমন সিরাজগঞ্জের দিকে পৌছায় তেমনই ত্রাণকার্যে নিঃশ্রু অন্য কোম্পানি গঠনের চেষ্টাও ওদিকে ফিরেছি। প্রশু উঠতে পারে জুড়েই দূরে থাকায় ও যোগাযোগ অক্ষমতার কারণে সম্ভব হয়নি। কিন্তু ইঞ্জিনচালিত নৌকা মাত্র ১০ ঘন্টার ব্যবধানে সেখানে পৌছা যায়। তাছাড়া বাস ও ট্রেন যোগাযোগ বিচ্ছিন্নতার কারণে সেখানকার লোক অধীহাৎ অন্যত্রের নারা যাবে এটা কোন যুক্তির কথা নয়। এই জেলার ক্ষেত্রে সংবাদপত্রের ত্রুটিও সত্যোম্মজনক নয়।

সিরাজগঞ্জ জেলার অর্থ-নৈতিক অবস্থা এমনতেই খুব নাজুক। তাঁতনির্ভর অর্থনীতি। প্রায় লোকের বাড়ীতে ৪/৫ খানা করে তাঁত আছে; তা থেকে যে আয় হয় তাই দিয়ে চলে তাদের জীবনযাত্রা। এবারের বন্যার কাল গ্রাসে সব তাঁতই অর্থনৈতিকভাবে পক্ষ হয়ে গেছে বন্যার পর তাদের পক্ষে পুনরায় এ তাঁত চাল করা সম্ভব হবে না। অর্থাৎ এই তাঁত শিল্পের উপরই নির্ভর করে এই জেলার আর্থিক শক্তিশালী লোক। বন্যার পানি নিয়ে যাওয়ার সাথে সাথে আর্থিক সাহায্যের ব্যবস্থা না করলে কতশত লোক যে অন্যত্রের কাছের অভাবে মারা যাবে সে কথা ভাবতেও ভয় লাগে। ইতিমধ্যেই পেটের অস্থির মহামারী আকারে দেখা দিয়েছে। অর্থাৎ পানি বিতরণ করণ ট্যাংকট, খাবার স্যালাইন দুর্লভ। এই দুর্ঘটনার মধ্যে মানুষের বেঁচে থাকার কোন পথই চোখের সামনে মেনে না।

তাই এই দুর্ঘটনার মুহূর্তে দলমত নিরিশেষে সকলের কাছে আবেদন, জরুরীভিত্তিতে ত্রাণসামগ্রী, পানি বিতরণ করণ বাড়ি, খাবার স্যালাইনসহ প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা নিয়ে এই ক্ষতিগ্রস্তদের বাঁচানোর জন্য এগিয়ে আসুন।

নিঃশ্রু কুমার রায়  
 ফিরিয়ান বিভাগ,  
 ৪২৪ জগন্নাথ হাট,  
 ঢাকা বিশ্ববিদ্যালয়।

**শরীয়তপুর সরকারী কলেজকে ডিগ্রী কলেজে উন্নীত করুন**

জেলা সনদে অবস্থিত শরীয়তপুর সরকারী কলেজটিকে ডিগ্রী কলেজে রূপান্তরিত করার দাবী দীর্ঘদিনের। স্থানীয় প্রশাসন থেকে আশ্রয় করে সর্বোচ্চ মহল কলেজটিকে ডিগ্রী কলেজে পরিণত করার প্রয়োজনীয়তা অনুভব করেছেন এবং ঘোষণাও দিয়েছেন। কিন্তু দীর্ঘদিন অপেক্ষা করেও ছাত্র-ছাত্রী-অভিভাবকসে আশা পূরণ হচ্ছে না। ব্যাঙ্গাত্মক স্থানীয় জনসাধারণের কাছে বোধগম্য নয়। এ নিয়ে এলাকাবাসীর মনে চরম ক্ষোভ বিাজ করেছে। কারণ উক্ত মাধ্যমিক পাস করে শত শত ছাত্রছাত্রী উচ্চতর শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। তাই মহামান্য রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে কলেজটিকে ডিগ্রী কলেজে উন্নীত করার নির্দেশ দিয়ে এলাকাবাসীর উক্ত শিক্ষার পথ আরো সুগম করুন।

শিব শংকর মোদক,  
 ৩৩৯, জগন্নাথ হল,  
 ঢাকা বিশ্ববিদ্যালয়।